বঞ্চাভবন ০৯ মে ২০২৩:

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঞ্চো সৌজন্য সাক্ষাৎ করেছেন মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন।

সকালে বঞ্চাভবনে সাক্ষাৎকালে মন্ত্রিপরিষদ সচিব প্রশাসনিক বিভিন্ন বিষয় সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন এবং দায়িত্ব পালনে রাষ্ট্রপতির দিক নির্দেশনা কামনা করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন প্রজাতন্ত্রের কর্মচারীদের সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশ দেন।

পরে, বাংলাদেশে নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত রিনচেন কুয়েনসল (Rinchen kuentsyl) রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঞ্চো সাক্ষাৎ করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন ভুটানের সঞো সম্পর্ক উন্নয়নকে গুরুত্ব দেয় বাংলাদেশ। রাষ্ট্রপতি আশা করেন দু দেশের মধ্যে বাণিজ্য-বিনিয়োগসহ দ্বিপাক্ষিক সম্পর্ক আগামীতে আরও সম্প্রসারিত হবে। বিদ্যমান সম্ভাবনাকে কাজে লাগাতে দু'দেশের মধ্যে বিভিন্ন খাতে কানেক্টিভিটি বাড়ানোর উপর জোর দিন রাষ্ট্রপতি।

সাক্ষাৎকালে ভুটানের রাষ্ট্রদূত বলেন শীঘ্রই বাংলাদেশ ও ভুটানের মধ্যে হাইড্রোপাওয়ার বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে যার ফলে দুই দেশের মধ্যে সহযোগিতার সম্পর্ক আরো সম্প্রসারিত হবে।

এরপর জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বঙ্গাভবনে রাষ্ট্রপতির কাছে কমিশনের বার্ষিক প্রতিবেদন - ২০২২ পেশ করেন।

এ সময় প্রতিনিধিদল জাতীয় মানবাধিকার কমিশনের সার্বিক কার্যক্রম এবং বার্ষিক প্রতিবেদনের বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন মানবাধিকার রক্ষায় প্রতিটি ক্ষেত্রে জাতীয় মানবাধিকার কমিশনকে কার্যকর ভূমিকা পালনের নির্দেশ দেন। তিনি বলেন দেশের যে কোনো প্রান্তে মানবাধিকার লঙ্খনের ঘটনা ঘটলে সঙ্গো সাঙ্গো কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ফলোআপ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। রাষ্ট্রপতি বলেন মানবাধিকার রক্ষায় এমনভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে যাতে জনগণ কমিশনের কার্যক্রম বুঝতে পারে।

সাক্ষাৎকালে রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব (সংযুক্ত) মোঃ ওয়াহিদুল ইসলাম খান উপস্থিত ছিলেন।